## বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর

# বার্ষিক অডিট রিপোর্ট
# ২০১১-২০১২

## ১ম খন্ড

## [অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রনালয় এর ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত (মূল্য সংযোজন কর)]

## স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

# বার্ষিক অডিট রিপোর্ট
# ২০১১-২০১২

## ১ম খন্ড

## [অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রনালয় এর ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত (মূল্য সংযোজন কর)]

## স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্র: নং | বিবরণ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | | ক |
| ২. | মহাপরিচালক এর বক্তব্য | | খ |
| ৩. | প্রথম অধ্যায় | | ১ |
| ৪. | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | | ৩ |
| ৫. | অডিট বিষয়ক তথ্য | | ৪-১১ |
| ৬. | ম্যানেজমেন্ট ইস্যু | | ১২ |
| ৭. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | | ১২ |
| ৮. | অডিটের সুপারিশ | | ১২ |
| ৯. | দ্বিতীয় অধ্যায় : | | ১৩ |
| ১০. | অনুচ্ছেদ নং ও আপত্তির শিরোনাম | | ২৫-৩৩ |
| | অনুচ্ছেদ নম্বর-১ | উপকরণের মূল্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে রেয়াত গ্রহন করায় রাজস্ব ক্ষতি। | ১৫ |
| | অনুচ্ছেদ নম্বর-২ | প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় রাজস্ব ক্ষতি। | ১৬ |
| | অনুচ্ছেদ নম্বর-৩ | প্রকৃত বিক্রয়ের চেয়ে কম বিক্রয় রেজিষ্ট্রারে প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদানের কারণে রাজস্ব ক্ষতি। | ১৭ |
| | অনুচ্ছেদ নম্বর-৪ | বিধি বহির্ভূতভাবে রেয়াত গ্রহন করায় রাজস্ব ক্ষতি। | ১৮ |
| | অনুচ্ছেদ নম্বর-৫ | উপকরণের প্রকৃত ক্রয়মূল্য অপেক্ষা কম ক্রয়মূল্য প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ১৯ |
| | অনুচ্ছেদ নম্বর-৬ | আমদানিকৃত/ক্রয়কৃত উপকরণ উৎপাদনে ব্যবহার না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ২০ |
| | অনুচ্ছেদ নম্বর-৭ | মূল্য ঘোষণা বহির্ভূত উপকরণের উপর রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি। | ২১ |
| | অনুচ্ছেদ নম্বর-৮ | হোটেল/রেস্তোরার উপর সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ২২ |
| | অনুচ্ছেদ নম্বর-৯ | সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে ভ্যাট কর্তন না করায় রাজস্ব ক্ষতি। | ২৩ |
| | অনুচ্ছেদ নম্বর-১০ | ব্যাংকিং সেবা ও চার্জের বিপরীতে মূল্য সংযোজন কর কম প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ২৪ |
| | অনুচ্ছেদ নম্বর-১১ | সঠিকভাবে ভ্যাট আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ২৫ |
| | অনুচ্ছেদ নম্বর-১২ | অনুমোদিত মূল্যের চেয়ে কম মূল্যে খালাস/বিক্রয় করায় রাজস্ব ক্ষতি। | ২৬ |
| | অনুচ্ছেদ নম্বর-১৩ | ফাঁকি প্রদত্ত মূসক বাবদ জমাকৃত অর্থ প্রদেয় কলামে প্রদর্শন না করে চলতি হিসাবে সমাপনী স্থিতির সাথে ক্রেডিট করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ২৭ |
| | অনুচ্ছেদ নম্বর-১৪ | অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক আয় ঘোষনা পূর্বক আয়কর প্রদান করলেও কোনরূপ মূল্য সংযোজন কর প্রদান না করার কারণে রাজস্ব ক্ষতি। | ২৮ |
| | অনুচ্ছেদ নম্বর-১৫ | স্থান ও স্থাপনার ভাড়ার উপর ভ্যাট আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ২৯ |
| | অনুচ্ছেদ নম্বর-১৬ | ক্রয়কৃত উপকরণের উপর মেয়াদোত্তীর্ণ রেয়াত গ্রহন করায় রাজস্ব ক্ষতি। | ৩০ |
| | অনুচ্ছেদ নম্বর-১৭ | মূসক অব্যাহতির নির্ধারিত সময়সীমার পরে মূসক হতে অব্যাহতি দেখিয়ে পণ্য সরবরাহ করায় রাজস্ব ক্ষতি। | ৩১ |
| | অনুচ্ছেদ নম্বর-১৮ | উপকরণ অবলোপনের মাধ্যমে রাজস্ব ক্ষতি। | ৩২ |
| | অনুচ্ছেদ নম্বর-১৯ | অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক আয়কর রিটার্নে "প্রদর্শিত এবং ঘোষিত আয়" অপেক্ষা কম আয় প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করার কারণে রাজস্ব ক্ষতি। | ৩৩ |
| ১১. | মহাপরিচালকের স্বাক্ষর | | ৩৩ |

**ক**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশনস্) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশনস্) (এমেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ : ১৯/০২/১৪২১ বঙ্গাব্দ
০২/০৬/২০১৪ খ্রিস্টাব্দ

স্বাক্ষরিত
মাসুদ আহমেদ
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

খ

# মহাপরিচালকের বক্তব্য

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ বিভিন্ন মূল্য সংযোজন কর (ভ্যাট) সার্কেল সমূহের ২০১০-১১ অর্থ বৎসরের বার্ষিক হিসাবের উপর নিরীক্ষা জুলাই'২০১০ হতে জুন'২০১১ পর্যন্ত বিভিন্ন সময়ে সম্পন্ন করা হয়। নিরীক্ষা সমাপনান্তে মোট ১৯টি অনুচ্ছেদের সাথে জড়িত অর্থের পরিমাণ ১৯৬,৭৫,৭৯,১০০/- (টাকা এক শত ছিয়ানব্বই কোটি পঁচাত্তর লক্ষ উনাশি হাজার এক শত মাত্র) টাকা সম্বলিত আলোচ্য অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে। অডিট আপত্তির প্রেক্ষিতে ২,৪৫,০৯,৫৭৩/- টাকা আদায় হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের হিসাব নমুনায়ণের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। ১৫/০১/২০১২ তারিখ হতে ২৯/১১/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ, ১৬/০১/২০১২ তারিখ হতে ০৩/১২/২০১২ তারিখ পর্যন্ত সময়ে তাগিদপত্র এবং ১১/০৩/২০১২, ১৮/০৬/২০১২, ১৯/০৯/২০১২, ২৬/০৯/২০১২, ১৬/১০/২০১২, ২০/১২/২০১২, ০৩/০১/২০১৩ ও ০৭/০১/২০১৩ তারিখে আধা-সরকারি পত্র জারী করা হয়। মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহের যে সকল আর্থিক অনিয়ম এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে তা উল্লিখিত সময়ের সমস্ত কার্যক্রমের আংশিক প্রতিফলন মাত্র। অর্থাৎ এ রিপোর্টের আপত্তি ও মন্তব্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলার পূর্ণাঙ্গ চিত্র নয়।

এ রিপোর্টের অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা এবং সরকারি বিধি-বিধান পরিপালন না করায় অনিয়মগুলি সংঘটিত হয়েছে যার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো। অডিট আপত্তিতে জড়িত অর্থ আদায়ের ক্ষেত্রে প্রশাসনিক কর্তৃপক্ষের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রয়োজন। এছাড়া প্রতিষ্ঠানের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এধরণের অনিয়মের পুনরাবৃত্তি রোধ করাও সম্ভব।

স্বাক্ষরিত
(ওয়াজির আহ্‌মেদ ফাতেহ)
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

তারিখ : ২৯/০১/১৪২১ বঙ্গাব্দ
১২/০৫/২০১৪ খ্রিস্টাব্দ

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সার সংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | উপকরণের মূল্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে রেয়াত গ্রহন করায় রাজস্ব ক্ষতি। | ৪৫,৮২,৮৯,৮২৩/- |
| ২. | প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় রাজস্ব ক্ষতি। | ৩৫,৫৪,৬১,৭৭৯/- |
| ৩. | প্রকৃত বিক্রয়ের চেয়ে কম বিক্রয় রেজিস্টারে প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদানের কারণে রাজস্ব ক্ষতি। | ১২,৩৭,২৩,২৬৫/- |
| ৪. | বিধি বহির্ভূতভাবে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি। | ৮,০০,৬১,২১৫/- |
| ৫. | উপকরণের প্রকৃত ক্রয়মূল্য অপেক্ষা কম ক্রয়মূল্য প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ৭,১৫,৭২,৮৭০/- |
| ৬. | আমদানিকৃত/ক্রয়কৃত উপকরণ উৎপাদনে ব্যবহার না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ৮,৬৮,৮২,৪৮০/- |
| ৭. | মূল্য ঘোষণা বহির্ভূত উপকরণের উপর রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি। | ৪,৯৯,৫৮,৮২০/- |
| ৮. | হোটেল/রেস্তোরার উপর সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ৩,৫০,৪৩,৫২৪/- |
| ৯. | সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে ভ্যাট কর্তন না করায় রাজস্ব ক্ষতি। | ৪৬,৯৭,৬২,৮১৭/- |
| ১০. | ব্যাংকিং সেবা ও চার্জের বিপরীতে মূল্য সংযোজন কর কম প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ৫,৭৯,১০,৭১৪/- |
| ১১. | সঠিকভাবে ভ্যাট আদায় না করায় রাজস্ব ক্ষতি। | ২,১০,৮৫,০৫৩/- |
| ১২. | অনুমোদিত মূল্যের চেয়ে কম মূল্যে পণ্য খালাস/বিক্রয় করায় রাজস্ব ক্ষতি। | ৬,০৯,০৬,৯৩৪/- |
| ১৩. | ফাঁকি প্রদত্ত মূসক বাবদ জমাকৃত অর্থ প্রদেয় কলামে প্রদর্শন না করে চলতি হিসাবে সমাপনী স্থিতির সাথে ক্রেডিট করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ১,১২,৩১,৫৩৭/- |
| ১৪. | অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক আয় ঘোষণাপূর্বক আয়কর প্রদান করলেও কোনরূপ মূল্য সংযোজন কর প্রদান না করার কারনে রাজস্ব ক্ষতি। | ৫,১৮,৯৪,৬০০/- |
| ১৫. | স্থান ও স্থাপনার ভাড়ার উপর ভ্যাট আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি। | ১,০২,৪৯,৪৯২/- |
| ১৬. | ক্রয়কৃত উপকরণের উপর মেয়াদোত্তীর্ণ রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি। | ৪১,৬৫,৭৪৫/- |
| ১৭. | মূসক অব্যাহতির নির্ধারিত সময়সীমার পরে মূসক হতে অব্যাহতি দেখিয়ে পণ্য সরবরাহ করায় রাজস্ব ক্ষতি। | ১,২৭,০৩,৯২৩/- |
| ১৮. | উপকরণ অবলোপনের মাধ্যমে রাজস্ব ক্ষতি। | ১১,০০,০০০/- |
| ১৯. | অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক আয়কর রিটার্ণে "প্রদর্শিত এবং ঘোষিত আয়" অপেক্ষা কম আয় প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করার কারণে রাজস্ব ক্ষতি। | ৫৫,৭৪,৫০৯/- |
| | সর্বমোট | ১৯৬,৭৫,৭৯,১০০/- |

# অডিট বিষয়ক তথ্য

নিরীক্ষা অর্থ বৎসর ঃ ২০১০-১১।

নিরীক্ষিত প্রতিষ্ঠান ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন বিভিন্ন মূল্য সংযোজন কর (ভ্যাট) সার্কেলসমূহ।

নিরীক্ষার প্রকৃতি ঃ আর্থিক ও নিয়মানুসরণ অডিট।

নিরীক্ষার সন ঃ জুলাই/২০১০ হতে জুন/২০১১

নিরীক্ষার সময় ঃ জুলাই/২০১১ হতে জুন/২০১২

নিরীক্ষা কার্য সম্পাদন সংক্রান্ত তথ্যাবলী ঃ

| ক্রঃ নং | নিরীক্ষিত অফিসের নাম | নিরীক্ষার সন | নিরীক্ষার সময়কাল | এপি জারীর তারিখ | তাগিদ পত্র জারীর তারিখ | ডিও জারীর তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, পল্টন সার্কেল, ঢাকা | ২০১০-১১ | ২৬/০২/১২ হতে ১৩/০৩/১২ | ০৮/১০/১২ | ২০/১১/১২ | ০৩/০১/১৩ |
| ২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ইমামগঞ্জ সার্কেল, ঢাকা | ,, | ৩১/০৫/১২ হতে ১৩/০৬/১২ | ০৮/১০/১২ | ২০/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৩ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, নরসিংদী সার্কেল, নরসিংদী | ,, | ২০/০৬/১২ হতে ২৮/০৬/১২ | ২৯/০৮/১২ | ১৯/০৯/১২ | ১৬/১০/১২ |
| ৪ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ঘোড়াশাল সার্কেল, ঘোড়াশাল | ,, | ২৩/০৫/১২ হতে ০৩/০৬/১২ | ০৫/০৮/১২ | ২৪/০৯/১২ | ১৬/১০/১২ |
| ৫ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ধামরাই সার্কেল, ঢাকা | ,, | ০২/০৫/১২ হতে ২২/০৫/১২ | ১৯/০৯/১২ | ০১/১২/১২ | ০৩/০১/১৩ |
| ৬ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সেগুনবাগিচা সার্কেল, ঢাকা | ,, | ২৬/০২/১২ হতে ১৫/০৩/১২ | ০৮/১০/১২ | ২০/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৭ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ফুলবাড়ীয়া সার্কেল, ঢাকা | ,, | ২৬/০২/১২ হতে ১৫/০৩/১২ | ০৫/০৯/১২ | ০৯/১০/১২ | ০৩/০১/১৩ |
| ৮ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও-৩ সার্কেল, ঢাকা | ,, | ২৫/০৯/১১ হতে ১১/১০/১১ | ০৩/০৭/১২ | ২৬/০৯/১২ | ১৬/১০/১২ |
| ৯ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও-৪ সার্কেল, ঢাকা | ,, | ০৯/১০/১১ হতে ২০/১১/১১ | ০৬/০৩/১২ | ১৬/০৪/১২ | ১৮/০৬/১২ |

| ক্রঃ নং | নিরীক্ষিত অফিসের নাম | নিরীক্ষার সন | নিরীক্ষার সময়কাল | এপি জারীর তারিখ | তাগিদ পত্র জারীর তারিখ | ডিও জারীর তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১০ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও-৫ সার্কেল, ঢাকা | ,, | ০৫/১২/১১ হতে ২২/১২/১১ | ০৬/০৩/১২ | ১৭/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ১১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কেরানীগঞ্জ সার্কেল, ঢাকা | ,, | ১৫/১২/১১ হতে ২৯/১২/১১ | ০৫/০৩/১২ | ১৬/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ১২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সাভার সার্কেল, ঢাকা | ,, | ১৫/১১/১১ হতে ০৫/০১/১২ | ২৮/০৩/১২ | ২২/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ১৩ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, টংগী সার্কেল -১, উত্তরা, ঢাকা | ,, | ১৭/১১/১১ হতে ২৯/১১/১১ | ২১/০৩/১২ | ০২/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ১৪ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, টংগী সার্কেল -৩, উত্তরা, ঢাকা | ,, | ১৩/০২/১২ হতে ২৮/০২/১২ | ০৫/০৮/১২ | ০৭/১০/১২ | ০৮/১১/১২ |
| ১৫ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, টংগী সার্কেল -৪, উত্তরা, ঢাকা | ,, | ১৩/০২/১২ হতে ২৭/০২/১২ | ১০/০৬/১২ | ২২/০৭/১২ | ২২/০৮/১২ |
| ১৬ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, মিরপুর-২ সার্কেল, ঢাকা | ,, | ১২/১০/১১ হতে ২৫/১০/১১ | ০৬/০৩/১২ | ১৭/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ১৭ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, বংশাল সার্কেল, ঢাকা | ,, | ২৭/১০/১১ হতে ১০/১১/১১ | ০৮/০৩/১২ | ১৬/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ১৮ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, পোস্তগোলা সার্কেল, ঢাকা | ,, | ২২/০৯/১১ হতে ০৯/১০/১১ | ০৫/০৩/১২ | ১৬/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ১৯ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ডেমরা সার্কেল, ঢাকা | ,, | ১৩/১১/১১ হতে ২৮/১১/১১ | ২৮/০৩/১২ | ০৮/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ২০ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সূত্রাপুর সার্কেল, ঢাকা | ,, | ০৯/০৮/১১ হতে ২১/০৮/১১ | ২৩/০২/১২ | ০৫/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ২১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ধানমন্ডি সার্কেল, ঢাকা | ,, | ১৪/০৮/১১ হতে ২৪/০৮/১১ | ০৮/০৪/১২ | ০৮/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ২২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, মতিঝিল সার্কেল, ঢাকা | ,, | ০৭/০৯/১১ হতে ২০/০৯/১১ | ১৫/০১/১২ | ১৬/০২/১২ | ১১/০৩/১২ |
| ২৩ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, আজিমপুর সার্কেল, ঢাকা | ,, | ২৩/০৮/১১ হতে ০৫/০৯/১১ | ১৯/০৩/১২ | ০২/০৫/১২ | ১৮/০৬/১২ |

| ক্রঃ নং | নিরীক্ষিত অফিসের নাম | নিরীক্ষার সন | নিরীক্ষার সময়কাল | এপি জারীর তারিখ | তাগিদ পত্র জারীর তারিখ | ডিও জারীর তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ২৪ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, চকবাজার সার্কেল, ঢাকা | ,, | ১৮/০৩/১২ হতে ০১/০৪/১২ | ৩০/০৭/১২ | ২৯/০৮/১২ | ১৬/১০/১২ |
| ২৫ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, শ্যামপুর সার্কেল, ঢাকা | ,, | ১৫/০২/১২ হতে ০৮/০৩/১২ | ১১/০৬/১২ | ১৯/০৭/১২ | ২২/০৮/১২ |
| ২৬ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, নারায়নগঞ্জ সার্কেল, নারায়নগঞ্জ | ,, | ০৫/০৬/১২ হতে ১৪/০৬/১২ | ০৫/০৯/১২ | ১৫/১০/১২ | ০৩/০১/১৩ |
| ২৭ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, বন্দর সার্কেল, নারায়নগঞ্জ | ,, | ১৮/১০/১১ হতে ০১/১১/১১ | ১০/০৬/১২ | ১৯/০৭/১২ | ২২/০৮/১২ |
| ২৮ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সিদ্ধেশরী সার্কেল, ঢাকা | ,, | ১৩/১১/১১ হতে ২৪/১১/১১ | ২৭/০৩/১২ | ০৮/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ২৯ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সোনারগাঁও সার্কেল, নারায়নগঞ্জ | ,, | ১৬/০২/১২ হতে ০১/০৩/১২ | ১৫/০৪/১২ | ২৮/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ৩০ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ফতুল্লা সার্কেল, নারায়নগঞ্জ | ,, | ০৭/০৯/১১ হতে ২২/০৯/১১ | ১২/০৪/১২ | ২১/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ৩১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিদ্ধিরগঞ্জ সার্কেল, নারায়নগঞ্জ | ,, | ২৬/০৯/১১ হতে ১৭/১০/১১ | ১৯/০৩/১২ | ০২/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ৩২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, আলীগঞ্জ সার্কেল, নারায়নগঞ্জ | ,, | ১৮/১০/১১ হতে ২৬/১০/১১ | ১৯/০৩/১২ | ০২/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ৩৩ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, রুপগঞ্জ সার্কেল, নারায়নগঞ্জ | ,, | ০৬/০৩/১২ হতে ২৮/০৩/১২ | ১৫/১০/১২ | ২২/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৩৪ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল - ১, গাজীপুর | ,, | ১২/১০/১১ হতে ০৯/১১/১১ | ০৮/০৪/১২ | ২২/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ৩৫ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল- ২, গাজীপুর | ,, | ২১/১১/১১ হতে ০৮/১২/১১ | ২১/০৩/১২ | ৩০/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ৩৬ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল - ৩, গাজীপুর | ,, | ২৮/০৯/১১ হতে ১৮/১০/১১ | ০৩/০৫/১২ | ১৯/০৭/১২ | ১৯/৯/১২ |

| ক্রঃ নং | নিরীক্ষিত অফিসের নাম | নিরীক্ষার সন | নিরীক্ষার সময়কাল | এপি জারীর তারিখ | তাগিদ পত্র জারীর তারিখ | ডিও জারীর তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ৩৭ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, মুন্সিগঞ্জ সার্কেল, মুন্সিগঞ্জ | ,, | ০৫/০৪/১২ হতে ২২/০৪/১২ | ০৫/০৯/১২ | ০৯/১০/১২ | ০৩/০১/১৩ |
| ৩৮ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সিরাজগঞ্জ সার্কেল, সিরাজগঞ্জ | ,, | ১৮/১২/১১ হতে ২২/১২/১১ | ১০/০৩/১২ | ০২/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ৩৯ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, টাঙ্গাইল সার্কেল, টাঙ্গাইল | ,, | ১৯/০৯/১১ হতে ২৮/০৯/১১ | ২৬/০৬/১২ | ০৭/০৮/১২ | ২৬/০৯/১২ |
| ৪০ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ময়মনসিংহ সার্কেল-১, ময়মনসিংহ | ,, | ২৩/০৩/১২ হতে ০৫/০৪/১২ | ১১/১০/১২ | ০৫/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৪১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, যশোর সার্কেল - ২, যশোর | ,, | ২৪/০৫/১২ হতে ১১/০৬/১২ | ২০/০৯/১২ | ১১/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৪২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কুষ্টিয়া সার্কেল -১, কুষ্টিয়া | ,, | ১৫/০৪/১২ হতে ২৪/০৪/১২ | ২৭/০৬/১২ | ০৮/০৮/১২ | ২৬/০৯/১২ |
| ৪৩ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, বেনাপোল, যশোর (১ম কোয়ার্টার) | ,, | ০১/০৭/১১ হতে ৩০/০৯/১১ | ২০/০৯/১২ | ১৩/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৪৪ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, রাজশাহী সার্কেল - ১ রাজশাহী | ,, | ২৯/০৮/১১ হতে ১২/০৯/১১ | ০৮/০৩/১২ | ১৬/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ৪৫ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, রাজশাহী সার্কেল -২, রাজশাহী | ,, | ১৩/০৯/১১ হতে ২১/০৯/১১ | ০৮/০৩/১২ | ১৬/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ৪৬ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, রংপুর সার্কেল -১, রংপুর | ,, | ২৪/০৪/১২ হতে ০৭/০৫/১২ | ০৬/১১/১২ | ২৯/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৪৭ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, বগুড়া সার্কেল -১, বগুড়া | ,, | ১০/০৫/১২ হতে ২১/০৫/১২ | ০৬/০৯/১২ | ১৪/১০/১২ | ০৩/০১/১৩ |
| ৪৮ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, বরিশাল সার্কেল, বরিশাল | ,, | ২৯/১১/১১ হতে ২০/১২/১১ | ০৮/০৩/১২ | ০৩/০৪/১২ | ১৮/০৬/১২ |
| ৪৯ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, রাঙ্গুনিয়া সার্কেল, চট্টগ্রাম | ,, | ১৭/০৬/১২ হতে ২৮/০৬/১২ | ০৩/১০/১২ | ১৩/১১/১২ | ০৩/০১/১৩ |

| ক্রঃ নং | নিরীক্ষিত অফিসের নাম | নিরীক্ষার সন | নিরীক্ষার সময়কাল | এপি জারীর তারিখ | তাগিদ পত্র জারীর তারিখ | ডিও জারীর তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ৫০ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, পটিয়া সার্কেল, চট্টগ্রাম | ,, | ০৩/০৬/১২ হতে ১৪/০৬/১২ | ১৯/০৯/১২ | ১৩/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৫১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ফৌজদারহাট সার্কেল, চট্টগ্রাম | ,, | ২৮/১১/১১ হতে ১৩/১২/১১ | ১৬/০৪/১২ | ০৫/০৬/১২ | ২৬/০৯/১২ |
| ৫২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সীতাকুন্ড সার্কেল, চট্টগ্রাম | ,, | ২১/০৫/১২ হতে ৩১/০৫/১২ | ২৭/০৯/১২ | ১৩/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৫৩ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সদরঘাট সার্কেল, চট্টগ্রাম | ,, | ১২/০২/১২ হতে ২৮/০২/১২ | ২৫/০৯/১২ | ১৩/১১/১২ | ০৭/০১/১৩ |
| ৫৪ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, পতেঙ্গা সার্কেল, চট্টগ্রাম | ,, | ১১/০৩/১২ হতে ২০/০৩/১২ | ১০/০৬/১২ | ২৬/০৭/১২ | ২৬/০৯/১২ |
| ৫৫ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কাপ্তাই সার্কেল, চট্টগ্রাম | ,, | ২২/১২/১১ হতে ২৯/১২/১১ | ০৬/০৩/১২ | ০৬/০৬/১২ | ২০/১২/১২ |
| ৫৬ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, পাহাড়তলী সার্কেল, চট্টগ্রাম | ,, | ১৯/০৩/১২ হতে ২৯/০৩/১২ | ৩০/০৭/১২ | ১৫/১০/১২ | ২০/১২/১২ |
| ৫৭ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কালুরঘাট সার্কেল, চট্টগ্রাম | ,, | ০২/০৫/১২ হতে ১৫/০৫/১২ | ০৫/০৯/১২ | ১১/১০/১২ | ২০/১২/১২ |
| ৫৮ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, নাসিরাবাদ সার্কেল, চট্টগ্রাম | ,, | ২১/০৩/১২ হতে ০৪/০৪/১২ | ০৩/০৬/১২ | ৩০/০৭/১২ | ২৬/০৯/১২ |
| ৫৯ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কুমিল্লা সার্কেল, কুমিল্লা | ,, | ০৬/০৩/১২ হতে ১৯/০৩/১২ | ১২/০৬/১২ | ২৪/০৭/১২ | ২৬/০৯/১২ |
| ৬০ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কক্সবাজার সার্কেল, কক্সবাজার | ,, | ১২/০৪/১২ হতে ২৩/০৪/১২ | ১২/০৬/১২ | ২৬/০৭/১২ | ২৬/০৯/১২ |
| ৬১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সিলেট সার্কেল, সিলেট | ,, | ১১/০৩/১২ হতে ২২/০৩/১২ | ০৩/০৭/১২ | ২৯/০৮/১২ | ২৬/০৯/১২ |
| ৬২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, মৌলভীবাজার সার্কেল, মৌলভীবাজার | ,, | ০২/০৪/১২ হতে ১২/০৪/১২ | ১০/০৬/১২ | ০৬/০৮/১২ | ২২/০৮/১২ |

| ক্রঃ নং | নিরীক্ষিত অফিসের নাম | নিরীক্ষার সন | নিরীক্ষার সময়কাল | এপি জারীর তারিখ | তাগিদ পত্র জারীর তারিখ | ডিও জারীর তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ৬৩ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, হবিগঞ্জ সার্কেল, হবিগঞ্জ | ,, | ১২/০৪/১২ হতে ২৪/০৪/১২ | ০৭/০৮/১২ | ১৯/০৯/১২ | ১৬/১০/১২ |
| ৬৪ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ছাতক সার্কেল, সুনামগঞ্জ | ,, | ২৫/০৪/১২ হতে ০৬/০৫/১২ | ২৯/০৮/১২ | ০৪/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৬৫ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, খুলনা সার্কেল -১, খুলনা | ,, | ১৩/১০/১১ হতে ২৫/১০/১১ | ০৩/০৪/১২ | ১০/০৫/১২ | ১৮/০৬/১২ |
| ৬৬ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সাতক্ষীরা সার্কেল, সাতক্ষীরা | ,, | ০২/০৪/১২ হতে ১৬/০৪/১২ | ০৮/০৮/১২ | ২৫/০৯/১২ | ১৬/১০/১২ |
| ৬৭ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, মোহাম্মদপুর সার্কেল, ঢাকা | ,, | ১৫/৯/১১ হতে ২৫/৯/১১ | ০২/০৯/১২ | ০২/১১/১২ | ০৩/০১/১৩ |
| ৬৮ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও-১ সার্কেল, ঢাকা | ,, | ১৫/০৬/১২ হতে ২৭/০৬/১২ | ২৩/১০/১২ | ০৩/১২/১২ | ০৩/০১/১৩ |

আদায় সংক্রান্ত তথ্য ঃ অডিট পরবর্তী সময়ে নিম্নলিখিত সার্কেলসমূহে সর্বমোট ২,৪৫,০৯,৫৭৩/- টাকা আদায় হয়েছে।

| ক্রঃ নং | নিরীক্ষিত অফিসের নাম | নিরীক্ষার সন | আদায় কৃত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও-৫ সার্কেল, ঢাকা | ২০১০-১১ | ৮৪,৪৩,২৫৭/- | |
| ২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, পোস্তগোলা সার্কেল, ঢাকা | ২০১০-১১ | ২,৩৮,৪৮২/- | |
| ৩ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, সূত্রাপুর সার্কেল, ঢাকা | ২০১০-১১ | ৭,৮৬,২০৩/- | |
| ৪ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, শ্যামপুর সার্কেল, ঢাকা | ২০১০-১১ | ৩৬,০৯,৯৮৮/- | |
| ৫ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, টংগী সার্কেল - ৪ (সাবেক-২) | ২০১০-১১ | ১০,৫৭,০৬৪/- | |
| ৬ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, ফতুল্লা সার্কেল, নারায়নগঞ্জ | ২০১০-১১ | ১,০৬,৮৯৬/- | |
| ৭ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, বরিশাল সার্কেল, বরিশাল | ২০১০-১১ | ১২,০৭,৮৬৮/- | |
| ৮ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কুষ্টিয়া সার্কেল -১, কুষ্টিয়া | ২০১০-১১ | ২,১০,৯৮৫/- | |
| ৯ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, পতেঙ্গা সার্কেল, চট্টগ্রাম | ২০১০-১১ | ২৪,১৭,০৬৬/- | |
| ১০ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, কক্সবাজার সার্কেল | ২০১০-১১ | ৬৬,১৪৯/- | |
| ১১ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, নাসিরাবাদ সার্কেল, চট্টগ্রাম | ২০১০-১১ | ৬২,১৮,৭৭১/- | |
| ১২ | রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট, মৌলভীবাজার সার্কেল, মৌলভীবাজার | ২০১০-১১ | ১,৪৬,৮৪৪/- | |
| | | সর্বমোট | ২,৪৫,০৯,৫৭৩/- | |

নিরীক্ষা পদ্ধতি ঃ

- রাজস্ব আদায়ের এসেসমেন্ট সংক্রান্ত রেকর্ডপত্র সরেজমিনে যাচাই।
- রাজস্ব আদায় সংক্রান্ত অন্যান্য রেকর্ডপত্র সরেজমিনে যাচাই।
- কর্মকর্তা-কর্মচারীদের সাথে আলোচনা।

অডিট সম্পাদন ঃ স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের বিভিন্ন অডিট টীমের সদস্যগণ।

অডিট রিপোর্ট প্রণয়নে যারা ছিলেন ঃ

- জনাব গৌরাঙ্গ চন্দ্র দেবনাথ, উপ-পরিচালক।
- জনাব উত্তম কুমার দে, অডিট এন্ড একাউন্টস্ অফিসার।
- জনাব মোঃ দেলোয়ার হোসেন, অডিট এন্ড একাউন্টস্ অফিসার।
- জনাব প্রিয়দর্শী দেওয়ান, অডিটর।
- জনাব মোঃ মোস্তফা কামাল, অডিটর।

তত্ত্বাবধান ঃ জনাব মোঃ কমলেশ চন্দ্র রায়, পরিচালক।

সার্বিক তত্ত্বাবধান ঃ মহাপরিচালক।

**ম্যানেজমেন্ট ইস্যু :** আলোচ্য প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যালোচনা করে নিম্নোক্ত বিষয়ে শৈথিল্য পরিলক্ষিত হয়েছে :

- বিধি মোতাবেক রেয়াত গ্রহণ করা হয়নি।
- সরকারের প্রাপ্তি কোষাগারে জমা করা হয়নি।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের দুর্বল মূল্যায়ন ও তদারকি।
- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা।

**অনিয়ম ও ক্ষতিসমূহের কারন :**

- ক্ষেত্র বিশেষে কাস্টমস এ্যাক্ট ১৯৬৯, আয়কর অধ্যাদেশ ১৯৮৪, মূল্য সংযোজন আইন ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধিবিধান পরিপালন না করা।
- সুশৃঙ্খল আর্থিক ব্যবস্থাপনার অভাব।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা।

**অডিটের সুপারিশ :**

- সরকারের আর্থিক বিধিবিধান যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা আবশ্যক।
- অনুমোদিত অর্গানোগ্রাম এবং নিয়োগ বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা আবশ্যক।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আদায় নিশ্চিত করা প্রয়োজন।
- সরকারি প্রাপ্তি কোষাগারে জমা নিশ্চিত করা আবশ্যক।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের তদারকি জোরদার করা প্রয়োজন।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।

# দ্বিতীয় অধ্যায়

## (অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ নং- ১ ॥

শিরোনাম ঃ উপকরণের মূল্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে রেয়াত গ্রহণ করায় ৪৫,৮২,৮৯,৮২৩/- টাকা রাজস্ব ক্ষতি।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৩৮টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, উপকরণের মূল্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও নতুন করে মূল্য ঘোষণা না দিয়ে রেয়াত গ্রহণ করায় ৪৫,৮২,৮৯,৮২৩/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ক' তে প্রদত্ত হলো।

অনিয়মের প্রকৃতি ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ১(২) মূসক বাস্তঃ পণ্য/২০০৪/৭৯ (৭) তাং- ৪/৫/০৬ এবং মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি ৩ অনুযায়ী উপকরণের মূল্য বৃদ্ধিজনিত কারণে কোন পরিবর্তন সাধনের প্রয়োজন হলে নতুনভাবে মূল্য ঘোষণা দাখিল করার বিধান রয়েছে। এক্ষেত্রে উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক নতুনভাবে মূল্য ঘোষণা প্রদান না করার কারণে বিক্রয় পর্যায়ে নীট মূল্য সংযোজন করের পরিমান হ্রাস পেয়েছে এবং অনিয়মিতভাবে ৪৫,৮২,৮৯,৮২৩/- টাকা অতিরিক্ত উপকরণ কর রেয়াত গৃহীত হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৫/০৩/২০১২ তারিখ হতে ১৫/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৬/০৪/২০১২ তারিখ হতে ০১/১২/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ০৭/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৪৫,৮২,৮৯,৮২৩/- (টাকা পঁয়তাল্লিশ কোটি বিরাশি লক্ষ উনানব্বই হাজার আট শত তেইশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ২ ॥

**শিরোনাম ঃ** প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় ৩৫,৫৪,৬১,৭৭৯/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২১টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় ৩৫,৫৪,৬১,৭৭৯/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'খ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** মূল্য সংযোজন কর বিধিমালা/১৯৯১ এর বিধি-৩ উপবিধি-১ মোতাবেক উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ (Input Output Co-efficient) সহ ফরম মূসক-১ এ মূল্য ভিত্তি সম্পর্কিত ঘোষণা প্রদান করতে হবে এবং ঘোষণা মোতাবেক উপকরণ/কাঁচামালের ব্যবহারের স্ট্যান্ডার্ড নির্ধারিত হবে। কিন্তু সে মোতাবেক ব্যবহার প্রদর্শন করা হয়নি। অর্থাৎ সহগ অনুযায়ী যে পরিমাণ উৎপাদন প্রদর্শন করা উচিত ছিল তার চেয়ে কম উৎপাদন প্রদর্শন করে ভ্যাট কম প্রদান করা হয়েছে। ফলে ৩৫,৫৪,৬১,৭৭৯/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৫/০৩/২০১২ তারিখ হতে ২৩/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৬/০২/২০১২ তারিখ হতে ০৩/১২/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/০৩/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৩৫,৫৪,৬১,৭৭৯/- (টাকা পঁয়ত্রিশ কোটি চুয়ান্ন লক্ষ একষট্টি হাজার সাত শত উনআশি মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ০৩ ॥

শিরোনাম ঃ প্রকৃত বিক্রয়ের চেয়ে বিক্রয় রেজিষ্টারে কম প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করায় ১২,৩৭,২৩,২৬৫/- টাকা রাজস্ব ক্ষতি।

বিবরণ ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৫টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রকৃত বিক্রয়ের চেয়ে বিক্রয় রেজিষ্টারে কম প্রদর্শিত বিক্রয় মূল্যের উপর মূল্য সংযোজন কর প্রদান করায় ১২,৩৭,২৩,২৬৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'গ' তে প্রদত্ত হলো।

অনিয়মের প্রকৃতি ঃ কোম্পানী আইন, ১৯৯৪ মোতাবেক প্রতিটি কোম্পানীকে তার ঘোষিত আর্থিক বছর অনুযায়ী হিসাব সংরক্ষণ করে সি.এ ফার্ম কর্তৃক প্রত্যয়নপূর্বক সরকারি দপ্তরসমূহে দাখিল করতে হবে। দাখিলকৃত উক্ত প্রত্যয়ণপত্রের সাথে রিটার্ণে প্রদর্শিত তথ্যাদির সংগতি থাকতে হবে। কিন্তু উক্ত দুইটি রেকর্ডের মধ্যে সংগতি না থাকায় মূল্য সংযোজন কর বিধিমালা- ১৯৯১ এর বিধি ১৬, ২২, ২৩ ও ২৪ এর বিধান লংঘন করা হয়েছে।

- ✓ বার্ষিক অডিট রিপোর্টে প্রদর্শিত বিক্রয় মূল্যের তুলনায় মাসিক দাখিলাপত্রে (মূসক-১৯) কম বিক্রয় প্রদর্শন করে ভ্যাট পরিশোধ করায় রাজস্ব ক্ষতি হয়েছে।
- ✓ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কক্সবাজার সার্কেলের আওতাধীন বিভিন্ন আবাসিক হোটেলসমূহ পিক সিজন এ প্রকৃত বিক্রয় আড়াল করে অলীক বিক্রয় প্রদর্শনের মাধ্যমে ভ্যাট পরিশোধ করায় রাজস্ব ক্ষতি হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

নিরীক্ষা মন্তব্য ঃ আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৯/০৩/২০১২ তারিখ হতে ০২/০৯/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ০২/০৫/২০১২ তারিখ হতে ০২/১১/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদবিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১২,৩৭,২৩,২৬৫/- (টাকা বার কোটি সাইত্রিশ লক্ষ তেইশ হাজার দুই শত পঁয়ষট্টি মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং-৪ ॥

**শিরোনাম ঃ** বিধি বহির্ভূতভাবে রেয়াত গ্রহণ করায় ৮,০০,৬১,২১৫/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ১৬টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, বিধি বহির্ভূতভাবে রেয়াত গ্রহণ করায় ৮,০০,৬১,২১৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ঘ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা-৯ এবং মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি-১৯ (২) অনুযায়ী ক্রয়কৃত উপকরণ/মালামাল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর, নাম ও ঠিকানা সম্বলিত বিল অব এন্ট্রি অথবা চালানপত্রসহ সমুদয় উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা ব্যবসায় স্থলে প্রবেশের পর উক্ত উপকরণের উপর প্রদত্ত উপকরণ কর চলতি রেজিস্টারের মাধ্যমে রেয়াত হিসেবে গ্রহন করতে পারবেন। পরিশিষ্টে বর্নিত বিভিন্ন উৎপাদনকারী ও সেবাধর্মী প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্নিত অনিয়মের মাধ্যমে রেয়াত গ্রহন করার ফলে মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি- ১৮ (১), ১৯ (১)(ক), ৪০(৪), ৪১(৫) এবং মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা- ৯(ঞ), ৯, ধারা -৫ এর উপধারা ২ ও ৩, ১৮(১) এবং জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ৬(৬)/মূসক/নীঃ ও বাঃ/২০১০/২৫৭, তারিখঃ ২৭/০৭/২০১০ এর অনুচ্ছেদ ৪(ক), জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ১(২)/মূসক-বাঃ পণ্য/২০০৪/৭৯(৭), তারিখঃ ০৪/০৫/২০০৬ এর বিধান লংঘন করা হয়েছে।

- একই বিদ্যুৎ বিলের উপর ২ বার রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি হয়েছে।
- উৎসে মূসক কর্তনের প্রত্যয়নপত্র ব্যতিত অনিয়মিতভাবে রেয়াত গ্রহণ করা হয়েছে।
- প্রাপ্যতা অপেক্ষা বিজ্ঞাপন ব্যয়ের উপর অতিরিক্ত রেয়াত গ্রহণ করা হয়েছে।
- নিবন্ধনবিহীন চালানের মাধ্যমে পরিশোধিত ভ্যাট রেয়াত হিসেবে অনিয়মিতভাবে গ্রহণ করা হয়েছে।
- উপকরণ- উৎপাদ সম্পর্কিত সহগ (মূসক-১) অনুযায়ী গ্যাস বিলের উপর রেয়াত গ্রহণ না করায় রাজস্ব ক্ষতি হয়েছে।
- বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক ইস্যুকৃত চালান ব্যতিত পণ্য বিক্রয়ের ক্ষেত্রে অনিয়মিতভাবে রেয়াত গ্রহণ করা হয়েছে।
- সংকুচিত ভিত্তিমূল্যের আওতায় সেবাধর্মী প্রতিষ্ঠান কর্তৃক রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি হয়েছে।
- ক্ষতিগ্রস্থ ও ধ্বংসপ্রাপ্ত পণ্যের ব্যবহৃত উপকরণের উপর অনিয়মিতভাবে রেয়াত গ্রহণ করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৬/০৩/২০১২ তারিখ হতে ২৩/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৭/০৪/২০১২ তারিখ হতে ০৩/১২/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৮,০০,৬১,২১৫/- (টাকা আট কোটি একষট্টি হাজার দুই শত পনের মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ৫ ॥

**শিরোনাম ঃ** উপকরণের প্রকৃত ক্রয়মূল্য অপেক্ষা ক্রয়মূল্য কম প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করায় ৭,১৫,৭২,৮৭০/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সিদ্ধিরগঞ্জ সার্কেল, নারায়ণগঞ্জ কার্যালয়ের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, উপকরণের প্রকৃত ক্রয়মূল্য অপেক্ষা ক্রয়মূল্য কম প্রদর্শন করে পণ্য উৎপাদন ও বিক্রয়ের কারণে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বাবদ ৭,১৫,৭২,৮৭০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ঙ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** এশিয়ান কনজিউমারস কেয়ার লিঃ এর এপ্রিল ২০১০ মাস হতে মার্চ ২০১১ পর্যন্ত সময়ে (এক বছরে) বার্ষিক হিসাবে প্রদর্শিত উপকরণ ক্রয় ৩৪,১৭,৭৮,৯৫৫/- টাকা। কিন্তু উল্লিখিত বছরের মূল্য সংযোজন করের রিটার্ন (মূসক-১৯) অনুযায়ী ক্রয় ১১,৬৭,০৭,০৩১.৭৩ টাকা। ফলে ৩৪,১৭,৭৮,৯৫৫ - ১১,৬৭,০৭,০৩১.৭৩ = ২২,৫০,৭১,৯২৩.২৭ টাকা কম প্রদর্শন করা হয়েছে। অপ্রদর্শিত উপকরণের মূল্য ২২,৫০,৭১,৯২৩.২৭ টাকার উপর ২০% সংযোজন ৪,৫০,১৪,৩৮৪.৬৫ টাকাসহ সর্বমোট ২৭,০০,৮৬,৩০৭.৯২ এর ১০% সম্পূরক শুল্ক বাবদ ২,৮০,০৮,৬৩০/- টাকা ও মূসক বাবদ ৪,৪৫,৬৪,২৪০/- টাকাসহ সর্বমোট ৭,১৫,৭২,৮৭০/- টাকা কম প্রদানের কারণে রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** নথিপত্র পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহন করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৯/০৩/২০১২ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ০২/০৫/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৭,১৫,৭২,৮৭০/- (টাকা সাত কোটি পনর লক্ষ বাহাত্তর হাজার আট শত সত্তর মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং- ০৬ ॥**

**শিরোনাম ঃ** **আমদানিকৃত/ক্রয়কৃত উপকরণ ক্রয় রেজিষ্ট্রারে এন্ট্রিপূর্বক পণ্য উৎপাদনে ব্যবহার না করায় ৮,৬৮,৮২,৪৮০/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৩টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আমদানিকৃত/ক্রয়কৃত উপকরণ ক্রয় রেজিস্টারে এন্ট্রিপূর্বক পণ্য উৎপাদনে ব্যবহার না করায় ৮,৬৮,৮২,৪৮০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'চ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি ২২ এর বিধান মোতাবেক পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থানে যথাযথভাবে ক্রয় রেজিস্টার সংরক্ষণপূর্বক সংগৃহিত উপকরণসমূহ উক্ত রেজিস্টারে এন্ট্রিপূর্বক পণ্য উৎপাদনে ব্যবহার করতে হবে।

- জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং- ১১/মূসক/২০০৬ তাং- ২১/৮/০৬ অনুযায়ী আমদানিকৃত কাঁচামাল সুনির্দিষ্ট পণ্য ব্যতীত অন্য কোনভাবে ব্যবহার করা যাবে না এবং সংশ্লিষ্ট শিল্পের জন্য আমদানিকৃত কাঁচামালের সাথে উৎপাদিত এবং সরবরাহকৃত পণ্যের পরিমান সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ২৮/০৩/২০১২ তারিখ হতে ১৫/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ২২/০৫/২০১২ তারিখ হতে ২২/১১/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৮,৬৮,৮২,৪৮০/- (টাকা আট কোটি আটষট্টি লক্ষ বিরাশি হাজার চার শত আশি মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং-৭ ॥

**শিরোনাম ঃ** মূল্য ঘোষণা বহির্ভূত উপকরণের উপর রেয়াত গ্রহণ করায় ৪,৯৯,৫৮,৮২০/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ১৩টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, মূল্য ঘোষণা বহির্ভূত উপকরণের উপর রেয়াত গ্রহণ করায় ৪,৯৯,৫৮,৮২০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-'ছ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৯ এর উপধারা ১ (ছছ) এর বিধান মোতাবেক করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভূক্ত নয় এমন উপকরণের বিপরীতে পরিশোধিত মূসক রেয়াত হিসেবে প্রদানের সুযোগ নাই। এক্ষেত্রে উক্ত বিধানের ব্যত্যয় ঘটায় ৪,৯৯,৫৮,৮২০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৬/০৩/২০১২ তারিখ হতে ০৫/০৯/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৬/০৪/২০১২ তারিখ হতে ০৪/১১/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষা সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৪,৯৯,৫৮,৮২০/- (টাকা চার কোটি নিরানব্বই লক্ষ আটান্ন হাজার আট শত বিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ৮ ॥

**শিরোনাম ঃ** **হোটেল/রেস্তোরার উপর সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় ৩,৫০,৪৩,৫২৪/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৬টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, হোটেল/রেস্তোরায় মদ জাতীয় পণ্য সরবরাহ করা সত্ত্বেও সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় ৩,৫০,৪৩,৫২৪/- টাকা রাজস্ব ক্ষতি।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'জ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** মূল্য সংযোজন কর আইন/১৯৯১ এর ধারা-৭ এর বিধান অনুযায়ী তৃতীয় তফসিলে বর্ণিত সেবার শিরোনাম কোড এস ০০১.২০ এর আওতায় রেস্তোরায় খাদ্য পানীয় বিক্রয়কালে যদি রেস্তোরায় মদ জাতীয় পানীয় সরবরাহ করা হয় বা যে কোন ধরনের ফ্লোর শো এর আয়োজন করা হয় (বৎসরে একদিনের জন্য করা হলেও) সমুদয় টাকার উপর ১০% হারে সম্পূরক শুল্ক আরোপযোগ্য হবে। রেস্তোরায় মদ জাতীয় পণ্য সরবরাহ করা হলেও সেবা মূল্যের ওপর সম্পূরক শুল্ক ও মূসক আদায় না করায় ৩,৫০,৪৩,৫২৪/- টাকা রাজস্ব ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৫/০১/২০১২ তারিখ হতে ২৩/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৬/০২/২০১২ তারিখ হতে ০৩/১২/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/০৩/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৩,৫০,৪৩,৫২৪/- (টাকা তিন কোটি পঞ্চাশ লক্ষ তেতাল্লিশ হাজার পাঁচশত চব্বিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ৯ ॥

**শিরোনাম ঃ** সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে ভ্যাট কর্তন না করায় ৪৬,৯৭,৬২,৮১৭/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ১৯টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে ভ্যাট কর্তন না করায় ৪৬,৯৭,৬২,৮১৭/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ঝ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৬ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ২৯/৬/২০০৮ তারিখের এস.আর.ও নং- ১৯৩-আইন/২০০৮/৪৯৫ মোতাবেক বিভিন্ন সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে। কিন্তু এক্ষেত্রে যথাযথভাবে মূল্য সংযোজন কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি যা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৬ এবং জাতীয় রাজস্ব বোর্ডের উল্লিখিত এস.আর.ও এর পরিপন্থী। এক্ষেত্রে উক্ত নিয়মের ব্যত্যয় ঘটায় ৪৬,৯৭,৬২,৮১৭/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৬/০৩/২০১২ তারিখ হতে ২৭/০৯/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৬/০২/২০১২ তারিখ হতে ০১/১২/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/০৩/২০১২ তাখি হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৪৬,৯৭,৬২,৮১৭/- (টাকা ছিচল্লিশ কোটি সাতানব্বই লক্ষ বাষট্রি হাজার আট শত সতের মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো

অনুচ্ছেদ নং- ১০ ॥

**শিরোনাম ঃ** ব্যাংকিং সেবা ও চার্জের বিপরীতে মূল্য সংযোজন কর কম প্রদান করায় ৫,৭৯,১০,৭১৪/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২টি শুল্ক, আবগারী ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক-সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের বার্ষিক রিপোর্ট (চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম কর্তৃক প্রণীত বার্ষিক অডিট রিপোর্ট এবং ব্যাংক কর্তৃক অডিটে সরবরাহকৃত রিটার্ণ ও অন্যান্য তথ্যাদি) পর্যালোচনায় দেখা যায় যে, ব্যাংকিং সেবার বিনিময়ে প্রাপ্ত কমিশন, ফি ও সার্ভিস চার্জের উপর মূসক পরিশোধযোগ্য আয় অপেক্ষা কম আয় প্রদর্শনপূর্বক মূসক কম পরিশোধ করায় ৫,৭৯,১০,৭১৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ঞ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** জাতীয় রাজস্ব বোর্ডের সর্বশেষ এস,আরও নং- ২৪৬-আইন/২০১০/৫৬৬-মূসক, তারিখ- ৩০/৬/২০১০ মোতাবেক সেবা কোড এস ০৫৬.০০ ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান যারা কমিশন, ফি বা চার্জের বিনিময়ে ব্যাংকিং সেবা প্রদান করে থাকে, প্রাপ্ত কমিশন ফি ও চার্জের উপর ১৫% হারে মূসক পরিশোধ করতে হবে। আলোচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মূসক কম প্রদান করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের এস,আর,ও নং- ১১৪/আইন/২০০৯/৫২২-মূসক তারিখ ১১/০৬/২০০৯ এবং এস,আর,ও নং- ২৪৬-আইন/২০১০/৫৫৬-মূসক তারিখ ৩০/০৬/১০ সেবা কোড এস ০৫৬.০০ মোতাবেক ব্যাংকিং সেবার বিনিময়ে প্রাপ্ত কমিশন, ফি ও সার্ভিস চার্জের উপর ১৫% হারে মূসক পরিশোধ করতে হবে। আলোচ্য ক্ষেত্রে উক্ত নিয়মের ব্যত্যয় ঘটায় ৫,৭৯,১০,৭১৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৫/০১/২০১২ তারিখ হতে ০৬/০৩/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৬/০২/২০১২ তারিখ হতে ১৭/০৪/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১১/০৩/২০১২ তারিখ হতে ১৮/০৬/২০১২ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৫,৭৯,১০,৭১৪/- (টাকা পাঁচ কোটি উনাশি লক্ষ দশ হাজার এক শত চৌদ্দ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং- ১১ ॥**

**শিরোনাম ঃ** **পণ্য বা সেবা মূল্যের উপর সঠিকভাবে ভ্যাট আদায় না করায় ২,১০,৮৫,০৫৩/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ১১টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, পণ্য বা সেবা মূল্যের উপর সঠিকভাবে ভ্যাট আদায় না করায় ২,১০,৮৫,০৫৩/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ট' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ**

- জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং ২০১-আইন/২০১০/৫৫০-মূসক, তারিখ ১০/০৬/১০; সাধারণ আদেশ নং -১১/মূসক/৯২, তারিখ-২৩/০৯/১৯৯২ এবং এসআরও নং-২৫৪-আইন/২০১০/৫৭৪-মূসক, তারিখ-৩০/০৬/২০১০ এর বিধান লংঘন করায় রাজস্ব ক্ষতি হয়েছে।
- ছাপার/মুদ্রণ কাজের বিপরীতে পরিশোধিত বিলের উপর সঠিক হারে ভ্যাট কর্তন করা হয়নি।
- মোট প্রাপ্তির উপর সঠিক হারে ভ্যাট প্রদান না করায় রাজস্ব ক্ষতি।
- ঔষধের ট্রেড প্রাইসের সাথে ১৩.৩৩% যোগ করে নিরুপিত মূল্যের উপর ১৫% হারে ভ্যাট পরিশোধ না করায় রাজস্ব ক্ষতি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৯/০২/২০১২ তারিখ হতে ০৬/১১/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৬/০৪/২০১২ তারিখ হতে ২৯/১১/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ২,১০,৮৫,০৫৩/- (টাকা দুই কোটি দশ লক্ষ পঁচাশি হাজার তিপ্পান্ন মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং-১২ ॥

| | |
|---|---|
| শিরোনাম ঃ | অনুমোদিত মূল্যের চেয়ে কম মূল্যে পণ্য সরবরাহ/বিক্রয় করায় ৬,০৯,০৬,৯৩৪/- টাকা রাজস্ব ক্ষতি। |
| বিবরণ ঃ | অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৯টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অনুমোদিত মূল্যের চেয়ে কম মূল্যে পণ্য সরবরাহ/বিক্রয় করায় ৬,০৯,০৬,৯৩৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।<br>বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-'ঠ' তে প্রদত্ত হলো। |
| অনিয়মের প্রকৃতি ঃ | মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-৩ (১) অনুযায়ী নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত বা সরববরাহযোগ্য পণ্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর ধার্যের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্যের উপকরণ উৎপাদ সম্পর্ক বা সহগসহ মূল্য ভিত্তি সম্পর্কিত একটি ঘোষণা বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করতে হয় এবং সেই দাখিলকৃত অনুমোদিত ঘোষণার ভিত্তিতেই পণ্য বিক্রয় বা সরবরাহ করতে হয়।এক্ষেত্রে উক্ত ধারার ব্যত্যয় ঘটিয়ে অনুমোদিত মূল্যে পণ্য সরবরাহ বা বিক্রয় না করায় ৬,০৯,০৬,৯৩৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ | টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। |
| নিরীক্ষা মন্তব্য ঃ | আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক। |

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৫/০৩/২০১২ তারিখ হতে ২৭/০৯/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৬/০৪/২০১২ তারিখ হতে ২০/১১/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

| | |
|---|---|
| নিরীক্ষার সুপারিশ ঃ | উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৬,০৯,০৬,৯৩৪/- (টাকা ছয় কোটি নয় লক্ষ ছয় হাজার নয় শত চৌত্রিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। |

অনুচ্ছেদ নং-১৩ ॥

**শিরোনাম ঃ** **ফাঁকি প্রদত্ত মূসক বাবদ জমাকৃত অর্থ প্রদেয় কলামে প্রদর্শন না করে চলতি হিসাবে সমাপনী স্থিতির সাথে ক্রেডিট করায় ১,১২,৩১,৫৩৭/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, নাসিরাবাদ সার্কেল, চট্টগ্রাম কার্যালয়ের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষায় বায়েজিদ স্টীল ইন্ডাস্ট্রিজ লিঃ নাসিরাবাদ শি/এ, চট্টগ্রাম নিবন্ধন নং-২০২১০০০৩৯৯ এর সরবরাহকৃত রিটার্ণসহ আনুষাঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটি ফাঁকি প্রদত্ত মূসক বাবদ জমাকৃত অর্থ প্রদেয় কলামে প্রদর্শন না করে চলতি হিসাবে সমাপনী স্থিতির সাথে ক্রেডিট করায় ১,১২,৩১,৫৩৭/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট 'ড' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল কর্তৃক বায়েজিদ স্টীল ইন্ডাস্ট্রিজ লি : নাসিরাবাদ শি/এ, চট্টগ্রাম এর ২০১০-১১ সনের উৎপাদিত এম এস প্রোডাক্টস বিক্রয়ের ক্ষেত্রে প্রকৃত বিক্রয়ের চেয়ে কম বিক্রয় প্রদর্শন করে সর্বমোট ১,১২,৩১,৫৩৭/- টাকা মূল্য সংযোজন কর ফাঁকি প্রদানের বিষয়টি উদ্ঘাটন করা হয়। উল্লেখিত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হলেও প্রতিষ্ঠানের চলতি হিসাবে প্রদেয় কলামে প্রদর্শন না করে চলতি হিসাবের ২১/৯/২০১১ তারিখে পৃষ্ঠা নং-৮৫৫, ক্রমিক নং-৩৮-৪১ এ এন্ট্রি এবং সমাপনী স্থিতির সাথে ক্রেডিট (যোগ) করা হয়। কোন সরকারি বকেয়া পাওনা ট্রেজারীতে জমার ক্ষেত্রে প্রথমে চলতি হিসাবে সমাপনী স্থিতির সাথে যোগ করে পরে প্রদেয় কলামে দেখাতে হবে। বকেয়া টাকা ট্রেজারীতে জমার ক্ষেত্রে সমাপনী স্থিতি পূর্বের ন্যায় থাকার কথা। আলোচ্য বিষয়ে বকেয়া জমাকৃত টাকা প্রদেয় কলামে না দেখিয়ে সমাপনী স্থিতির সাথে সরাসরি (সমাপনী স্থিতি বৃদ্ধি) প্রদর্শন করায় সরকার ১,১২,৩১,৫৩৭/- টাকা প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে। যা আদায়যোগ্য।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কর আইন ও বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করে পরবর্তী পরিস্থিতি নিরীক্ষাকে অবগত করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৩/০৬/২০১২ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ৩০/০৭/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ২৬/০৯/২০১২ তারিখে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১,১২,৩১,৫৩৭/- (টাকা এক কোটি বার লক্ষ একত্রিশ হাজার পাঁচ শত সাতত্রিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো

অনুচ্ছেদ নং- ১৪ ॥

**শিরোনাম ঃ** **অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক আয় ঘোষণাপূর্বক আয়কর প্রদান করলেও কোনরূপ মূল্য সংযোজন কর প্রদান না করায় ৫,১৮,৯৪,৬০০/- টাকা রাজস্ব ক্ষতি।**

**বিবরণ ঃ** অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক মূল্য সংযোজন কর প্রদান বিষয়ে ২০০৪-০৯ সনের ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে দেখা যায় যে, প্রকৃত আয় অনুযায়ী মূল্য সংযোজন কর প্রদান না করার ফলে ৫,১৮,৯৪,৬০০/- টাকা সরকারি রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ঢ' দ্রষ্টব্য।

**অনিয়মের প্রকৃতি ঃ** জাতীয় রাজস্ব বোর্ডের ১০/৬/২০০৪ তারিখের এসআরও নং- ১৭৩/আইন/২০০৪/৪১৯-মূসক এর মাধ্যমে সেবার কোড ০৩৪.০০ অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহকে মূল্য সংযোজন করের আওতাভূক্ত করা হয়েছে। ফলে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৫ অনুযায়ী নিবন্ধন গ্রহণ এবং ৪.৫% হারে মূল্য সংযোজন কর প্রদানপূর্বক নিয়মিত মাসিক রিটার্ণ প্রদান করতে হবে। কিন্তু পরিশিষ্টে বর্ণিত ফার্মসমূহের আয় থাকা সত্ত্বেও মূল্য সংযোজন কর নিবন্ধন গ্রহণ এবং ৪.৫% হারে মূল্য সংযোজন কর প্রদানপূর্বক নিয়মিত মাসিক রিটার্ণ প্রদান করা হয়নি। যা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৭ এর (২) (ঙ) উপধারার ব্যত্যয়।

এ বিষয়ে নিরীক্ষাকালে পরিশিষ্টে বর্ণিত অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক প্রদত্ত আয়কর রিটার্ণ সংশ্লিষ্ট আয়কর অফিসে সরেজমিনে যাচাই করা হয়েছে। যাচাইকালে দেখা যায় যে, আয়কর রিটার্ণে যে পরিমান অর্থ আয় হিসেবে প্রদর্শন করা হয়েছে সেই আয়ের বিপরীতে কোনরূপ মূল্য সংযোজন কর প্রদান করা হয়নি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** চূড়ান্ত প্রতিবেদন প্রাপ্তির পরে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। কাষ্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত মোতাবেক ১টি প্রতিষ্ঠানের টাকা আদায়ের কারণে নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট প্রতিষ্ঠানসমূহের অধিকতর তদন্তপূর্বক টাকা আদায় করে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। অন্য কোন কমিশনারেট এর জবাব পাওয়া যায় নি।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৭/০২/২০১১ তারিখ অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৯/০৫/২০১১ তারিখ তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ০৩/০৮/২০১১ তারিখ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৫,১৮,৯৪,৬০০/- (টাকা পাঁচ কোটি আঠার লক্ষ চুরানব্বই হাজার ছয় শত মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ১৫ ॥

| | |
|---|---|
| শিরোনাম ঃ | স্থান ও স্থাপনার ভাড়ার উপর ভ্যাট আদায় না করায় ১,০২,৪৯,৪৯২/- টাকা রাজস্ব ক্ষতি। |
| বিবরণ ঃ | অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৭টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, স্থান ও স্থাপনার ভাড়ার উপর ভ্যাট আদায় না করায় ১,০২,৪৯,৪৯২/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।<br><br>বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ণ' তে প্রদত্ত হলো। |
| অনিয়মের প্রকৃতি ঃ | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর এস.আর.ও নং- ১৯৮-আইন/২০১০/৫৪৭-মূসক, তারিখ :- ১১/০৬/২০০৯ মোতাবেক স্থান বা স্থাপনার ভাড়ার উপর জুলাই'২০০৯ হতে ১৫% হারে এবং এস.আর.ও নং- ০৯-আইন/২০১১/৫৮৩-মূসক, তারিখ :- ০৯/০১/২০১১ মোতাবেক জানুয়ারী'২০১১ থেকে ৯% ভ্যাট পরিশোধ করতে হবে। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ এর ২২নং আইন) এর ধারা-৩ এর উপধারা-৫ এর দফা-খ তে প্রদত্ত সেবা কোড নং- এস০৩৩.০০ এর মাধ্যমে কোন স্থান বা স্থাপনা, যন্ত্রপাতি নির্দিষ্ট মেয়াদের জন্য ভোগ বা বাণিজ্যিকভাবে ব্যবহার করার অধিকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে প্রদত্ত ভাড়ার উপর ১৫% হারে ভ্যাট প্রদান করার নির্দেশ রয়েছে। আলোচ্য ক্ষেত্রে তা পরিপালন না করায় ১,০২,৪৯,৪৯২/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ | টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। |
| নিরীক্ষা মন্তব্য ঃ | আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক। |
| ▪ | সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৯/০৩/২০১২ তারিখ হতে ০৮/১০/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ০২/০৫/২০১২ তারিখ হতে ২০/১১/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ০৩/০১/২০১৩ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি। |
| নিরীক্ষার সুপারিশ ঃ | উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১,০২,৪৯,৪৯২/- (টাকা এক কোটি দুই লক্ষ উনপঞ্চাশ হাজার চার শত বিরানব্বই মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। |

অনুচ্ছেদ নং- ১৬ ॥

**শিরোনাম ঃ** ক্রয়কৃত উপকরণের উপর মেয়াদ উত্তীর্ণ রেয়াত গ্রহণ করায় ৪১,৬৫,৭৪৫/- টাকা রাজস্ব ক্ষতি।

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, মোহাম্মদপুর সার্কেল, ঢাকা কার্যালয়ের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, ক্রয়কৃত উপকরণের উপর মেয়াদ উত্তীর্ণ রেয়াত গ্রহণ করায় ৪১,৬৫,৭৪৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ত' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৯ এর উপধারা ১ (ট) এর বিধান অনুযায়ী চালানপত্র বা বিল অব এন্ট্রিতে বর্ণিত সমুদয় উপকরণ যেই তারিখে কর দাতার উৎপাদন, সরবরাহ বা সেবা প্রদানস্থলে প্রবেশ করবে সেই তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সমুদয় উপকরণ কর রেয়াত গ্রহনের সুযোগ থাকলেও এই ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর রেয়াত গ্রহণে ৪১,৬৫,৭৪৫/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০২/০৯/২০১২ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ০২/১১/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ০৩/০১/২০১৩ তারিখে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৪১,৬৫,৭৪৫/- (টাকা একচল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার সাত শত পঁয়তাল্লিশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুচ্ছেদ নং- ১৭ ॥

| | |
|---|---|
| **শিরোনাম ঃ** | মূসক অব্যাহতির নির্ধারিত সময়সীমার পরে মূসক হতে অব্যাহতি দেখিয়ে পণ্য সরবরাহ করায় ১,২৭,০৩,৯২৩/- টাকা রাজস্ব ক্ষতি। |
| **বিবরণ ঃ** | অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট সার্কেলের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, মূসক অব্যাহতির নির্ধারিত সময়সীমার পরে মূসক হতে অব্যাহতি দেখিয়ে পণ্য সরবরাহ করায় ১,২৭,০৩,৯২৩/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।<br><br>বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'থ' তে প্রদত্ত হলো। |
| **অনিয়মের প্রকৃতি ঃ** | জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ০১/মূসক/২০১০ তারিখ ৭/১/২০১০ মোতাবেক দেশের কতিপয় স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে বিশ্ব খাদ্য কর্মসূচীকে (WFP) ২০,৬৩১.৪৩ মে : টন বিস্কুট সরবরাহের জন্য মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়, যার মেয়াদ ছিল ৩১/০৩/২০১০ তারিখ পর্যন্ত। নিউ অলিম্পিয়া বিস্কুট ফ্যাক্টরী প্রা : লি : কর্তৃক উক্ত নির্ধারিত সময় পরে অর্থাৎ ০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১১ তারিখের মধ্যে ৫,২২৩.৮৩০২ মে : টন বিস্কুট বিশ্ব খাদ্য কর্মসূচীকে সরবরাহ দেখিয়ে মূল্য সংযোজন কর হতে অব্যাহতির সুযোগ গ্রহন করা হয়। ফলে বর্নিত আদেশের ব্যত্যয় ঘটায় ১,২৭,০৩,৯২৩/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। |
| **অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** | টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। |
| **নিরীক্ষা মন্তব্য ঃ** | আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক। |
| ▪ | সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ০৬/০৩/২০১২ তারিখ হতে ২৮/০৩/২০১২ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ২২/০৫/২০১২ তারিখ হতে ০৬/০৬/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখ হতে ২০/১২/২০১২ তারিখ পর্যন্ত সময়ে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি। |
| **নিরীক্ষার সুপারিশ ঃ** | উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১,২৭,০৩,৯২৩/- (টাকা এক কোটি সাতাশ লক্ষ তিন হাজার নয় শত তেইশ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। |

অনুচ্ছেদ নং- ১৮ ॥

**শিরোনাম ঃ** উপকরণ অবলোপনের মাধ্যমে রাজস্ব ক্ষতি ১১,০০,০০০/- টাকা।

**বিবরণ ঃ** অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সিদ্ধিরগঞ্জ সার্কেল, নারায়ণগঞ্জ কার্যালয়ের ২০১০-১১ আর্থিক সনের হিসাব নিরীক্ষাকালে সংশ্লিষ্ট অফিসসমূহের রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, লাভ ক্ষতি হিসাবে উপকরণ বাবদ ১১,০০,০০০/- টাকা অবলোপন করা হয়েছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'দ' তে প্রদত্ত হলো।

**অনিয়মের প্রকৃতি ঃ** মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর অনুচ্ছেদ ৪০ মোতাবেক উপকরণ অবলোপনের ক্ষেত্রে ফরম মূসক-২৬ এর মাধ্যমে মূল্য সংযোজন কর সার্কেলের পুর্বানুমতি গ্রহণ করতে হবে। এক্ষেত্রে পুর্বানুমতি গ্রহনের কোন প্রমান পাওয়া যায়নি। বরং আয়কর এবং মূসক ফাঁকি প্রদানের উদ্দেশ্যে উপকরণ অবলোপন করা হয়েছে। ফলে সরকারের ১১,০০,০০০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** নথিপত্র পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহন করা হবে।

**নিরীক্ষা মন্তব্য ঃ** আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক।

- সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৯/০৩/২০১২ তারিখে অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ০২/০৫/২০১২ তারিখে তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৮/০৬/২০১২ তারিখে সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ১১,০০,০০০/- (টাকা এগার লক্ষ মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো

অনুচ্ছেদ নং- ১৯ ॥

| | |
|---|---|
| শিরোনাম ঃ | **অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক আয়কর রিটার্ণে "প্রদর্শিত এবং ঘোষিত আয়" অপেক্ষা কম আয় প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করার কারণে ৫৫,৭৪,৫০৯/- টাকা রাজস্ব ক্ষতি।** |
| বিবরণ ঃ | অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক মূল্য সংযোজন কর প্রদান বিষয়ে ২০০৪-০৯ সনের ইস্যুভিত্তিক নিরীক্ষাকালে দেখা যায় যে, প্রকৃত আয় অনুযায়ী মূল্য সংযোজন কর প্রদান না করার ফলে ৫৫,৭৪,৫০৯/-টাকা সরকারি রাজস্ব ক্ষতি হয়েছে।<br><br>বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট- 'ধ' দ্রষ্টব্য। |
| অনিয়মের প্রকৃতি ঃ | জাতীয় রাজস্ব বোর্ডের ১০/৬/২০০৪ তারিখের এসআরও নং- ১৭৩/আইন/ ২০০৪/৪১৯ এর মাধ্যমে সেবার কোড ০৩৪.০০ অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহকে মূল্য সংযোজন করের আওতাভূক্ত করা হয়েছে বিধায় মোট আয়ের ৪.৫% হারে মূল্য সংযোজন কর প্রদান করতে হবে। কিন্তু পরিশিষ্টে বর্ণিত ফার্মসমূহ মিথ্যা ঘোষণা প্রদান পূর্বক আয় কম প্রদর্শন করে মূল্য সংযোজন কর রিটার্ণ প্রদান করেছে। যা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৭ এর (২) (ঙ) উপধারার ব্যত্যয়।<br><br>এ বিষয়ে নিরীক্ষাকালে পরিশিষ্টে বর্ণিত অডিট এন্ড একাউন্টিং ফার্মসমূহ কর্তৃক প্রদত্ত আয়কর রিটার্ণ সংশ্লিষ্ট আয়কর অফিসে সরেজমিনে যাচাই করা হয়েছে। যাচাইকালে দেখা যায় যে, আয়কর রিটার্ণে যে পরিমান অর্থ আয় হিসেবে প্রদর্শন করে আয়কর রিটার্ণ প্রদান করা হয়েছে সেই পরিমাণ টাকা আয় প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করা হয়নি বরং অনেক কম আয় প্রদর্শন করে আয় গোপন করা হয়েছে। |
| অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ | চূড়ান্ত প্রতিবেদন প্রাপ্তির পরে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। |
| নিরীক্ষা মন্তব্য ঃ | আপত্তির বিবরণ অনুযায়ী আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যক। |
| ▪ | সরকারি রাজস্ব ক্ষতি সংক্রান্ত উত্থাপিত আপত্তিসমূহ গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে চিহ্নিত করে ১৭/০২/২০১১ তারিখ অগ্রিম অনুচ্ছেদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসহ প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র পাঠানো হয়েছে। পরবর্তীতে ১৯/০৫/২০১১ তারিখ তাগিদপত্র জারি করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ০৩/০৮/২০১১ তারিখ সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বরাবরে আধা-সরকারি পত্র জারি করা সত্ত্বেও এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন কার্যকরী ব্যবস্থা গৃহীত হয়নি। |
| নিরীক্ষার সুপারিশ ঃ | উক্ত অনিয়মের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৫৫,৭৪,৫০৯/- (টাকা পঞ্চান্ন লক্ষ চুয়াত্তর হাজার পাঁচ শত নয় মাত্র) টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করতঃ প্রমাণকসহ নিরীক্ষা কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। |

স্বাক্ষরিত
(ওয়াজির আহ্‌মেদ ফাতেহ)
মহাপরিচালক
ফোন ঃ ৮৩১৬১৩০

বাঃসঃমুঃ-২০১৩/২০১৪-৫৫৩৯কম/এ-৭৫০ বই, ২০১৪।